গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নীতি ও সংগঠন শাখা
www.mofa.gov.bd

নং-এডি-পিএন্ডও-৩৭৭/৭৮২ তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়ঃ আবাসিক টেলিফোন বিলের নগদায়নভাতার ক্ষেত্রে লাইনরেন্ট ও ভ্যাট প্রাপ্যতা প্রসঙ্গে।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়-এর পরিপত্র নং-০৫.০০.০০০০.১১১.১০.০১২.১৮.৬, তারিখ ০৯ ফেব্রুয়ারি ২০২০।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সূত্রস্থ পরিপত্রের নির্দেশনাটি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রচার করা হলো:

"নগদায়নভাতা গ্রহণকারী কর্মকর্তাগণের অনুকূলে "সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট, ২০১৮"-এর ১৬(খ)(১)-এ বর্ণিত লাইনরেন্ট(ভ্যাটসহ) প্রাপ্যতা বাতিল করা হইল। তবে নগদায়নভাতা ও এর বিপরীতে প্রাপ্য ভ্যাট সুবিধা বহাল থাকিবে।"

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

২৬.০২.২০২০
(নুসরাত জাহান)
সহকারী সচিব (নীতি ও সংগঠন)
ফোনঃ ৯৫৫৫৩২০

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ
০১। রেক্টর, ফরেন সার্ভিস একাডেমী, ২২ বেইলি রোড, ঢাকা।
০২। সকল কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ইন্টারন্যাশনাল এ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ, ১/৪৬, ইস্কাটন রোড, রমনা, ঢাকা-১০০০।
০৪। পরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ল এ্যান্ড ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স, হাউজ নং-২২, রোড নং-৭ (ভাষা সৈনিক আব্দুল মতিন সড়ক), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৫।
০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পররাষ্ট্র মন্ত্রণালয়েরর ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)।
০৬। বিদেশস্থ সকল বাংলাদেশ মিশন (অনারারী কনস্যুলেট ব্যতীত)।

RECEIVED BY
OFFICE OF DG (ADMIN)
16 FEB 2020
MOFA, DHAKA

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১১১.১০.০১২.১৮.৬

তারিখ: ২৬ মাঘ ১৪২৬
০৯ ফেব্রুয়ারি ২০২০

পরিপত্র

বিষয়: আবাসিক টেলিফোন বিলের নগদায়নভাতার ক্ষেত্রে লাইনরেন্ট ও ভ্যাট প্রাপ্যতা নির্ধারণ।

নগদায়নভাতা গ্রহণকারী কর্মকর্তাগণের অনুকূলে "সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮"-এর ১৬ (খ) (১)-এ বর্ণিত লাইনরেন্ট (ভ্যাটসহ) প্রাপ্যতা বাতিল করা হইল। তবে নগদায়নভাতা ও এর বিপরীতে প্রাপ্য ভ্যাট সুবিধা বহাল থাকিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

৯-২-২০২০
শেখ ইউসুফ হারুন
সচিব

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) মহাহিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
৪) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
৫) রেক্টর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
৬) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন
৭) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)
৮) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
৯) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
১০) পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর
১১) পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতল
১২) সিস্টেম এনালিস্ট, সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৪) সিনিয়র সচিব/সচিব (সকল)
১৫) বিভাগীয় কমিশনার (সকল)
১৬) জেলা প্রশাসক (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন শাখা-৬
www.mof.gov.bd

অতি জরুরী
বিশেষ বাহক মারফত

নং- ০৭.০০.০০০০.০৮৬.১০.০০২.১৮-৭২৩

তারিখ ঃ ১১ নভেম্বর, ২০১৯

বিজ্ঞপ্তি

বিষয় ঃ অর্থ বিভাগের কর্মকর্তাগণের সরকারি আবাসিক টেলিফোনের নগদায়ন ভাতা উত্তোলনের ক্ষেত্রে, লাইনরেন্ট, লাইনরেন্টের ভ্যাটসহ মোট (১৬০+২৪) = ১৮৪/- টাকা এবং পুন:নির্ধারিত ট্যারিফ সুবিধা ১৫০/- টাকা টকটাইম এবং এর ভ্যাট ২৩/- টাকাসহ মোট (১৫০+২৩) = ১৭৩/- টাকা নগদায়ন ভাতার সাথে উত্তোলন না করার বিষয়টি অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : ০১। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং:- ১৪.০০.০০০০.০০৯.১৮.০০২.১৯-২৪৬, তারিখ : ১৪ আগস্ট, ২০১৯
০২। BTCL এর টেলিযোগাযোগ ভবনস্থ প্রধান কার্যালয়ের স্মারক নং- ১৪.৩৩.০০০০.০০২.০৬.০০১.১৮, তারিখ: ১৮ আগস্ট, ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সূত্রেল্লিখিত স্মারকদ্বয়ের মাধ্যমে (১৬.০৮.১৯ কার্যকর, কপি সংযুক্ত) BTCL তাদের সকল ল্যান্ড ফোনের (সরকারি, বেসরকারি, দাপ্তরিক, আবাসিকসহ) লাইনরেন্ট তুলে দিয়ে নতুন ট্যারিফ সুবিধা=১৫০/- টাকা টকটাইম প্যাকেজ চালু করায় (যা সকল টেলিফোনে সেপ্টেম্বর, ২০১৯ হতে বাস্তবায়িত হয়েছে) উল্লিখিত লাইনরেন্ট এবং এর ১৫% ভ্যাট (১৬০+২৪) = ১৮৪/- টাকা এবং তৎপরবর্তী নির্ধারিত ট্যারিফ সুবিধা উল্লিখিত= ১৫০/- টাকা এবং এর ১৫% ভ্যাট = ২৩/- টাকাসহ সর্বমোট (১৫০+২৩) = ১৭৩/- টাকা পুনরাদেশ না দেয়া পর্যন্ত নগদায়ন ভাতার সাথে আহরণ/উত্তোলন না করার জন্য অর্থ বিভাগের নগদায়ন গ্রহণকারী সকল কর্মকর্তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০২। পূন: নির্ধারিত ট্যারিফ সুবিধা/টকটাইম প্যাকেজ (ভ্যাটসহ) উল্লিখিত = ১৭৩/- টাকা প্রাপ্য হবেন কিনা তা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামতের ভিত্তিতে এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত জানানো হবে।

০৩। এমতাবস্থায় লাইনরেন্ট এবং এর ভ্যাটসহ= ১৮৪/- টাকা এবং তৎপরবর্তি টকটাইম প্যাকেজ (ভ্যাটসহ) = ১৭৩/- টাকা বাদ দিয়ে শুধুমাত্র নির্ধারিত নগদায়ন সিলিং এবং এর ১৫% ভ্যাট (১) অতিরিক্ত সচিব, যুগ্মসচিবগণের নির্ধারিত সিলিং ২৮০০/- টাকা এবং এর ১৫% ভ্যাট=৪২০/- টাকাসহ সর্বমোট (২৮০০+৪২০) = ৩২২০/- টাকা, (২) উপসচিব ও সমপর্যায়ের কর্মকর্তাগণের নির্ধারিত সিলিং = ২০০০/- টাকা এবং এর ১৫% ভ্যাট ৩০০/- টাকাসহ সর্বমোট (২০০০+৩০০) = ২৩০০/- টাকা, (৩) সিনিয়র সহকারি সচিব ও সমপর্যায়ের কর্মকর্তাগণের নির্ধারিত সিলিং ১৬০০/- টাকা এবং এর ১৫% ভ্যাট ২৪০/- টাকাসহ সর্বমোট (১৬০০+২৪০)= ১৮৪০/- টাকা এবং (৪) সহকারি সচিব ও সমপর্যায়ের কর্মকর্তাগণের নির্ধারিত সিলিং = ১২০০/- টাকা এবং এর ১৫% ভ্যাট ১৮০/- টাকাসহ সর্বমোট (১২০০+১৮০) = ১৩৮০/- টাকা নগদায়ন ভাতা হিসেবে উত্তোলনের জন্য নগদায়ন গ্রহণকারী সকল কর্মকর্তাকে অনুরোধ করা হল।

০৪। এ বিষয়ে সরকার কর্তৃক পুনরায় কোন পরিবর্তন বা সংশোধন করা হলে উক্ত সংশোধন অনুযায়ী এ ভাতার হার হ্রাস/বৃদ্ধি আকারে পুন:নির্ধারণ হবে।

০৪। পরবর্তি নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

০৫। অর্থ সচিব মহোদয়ের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হল।

সংযুক্ত : (বর্ণনানুগ) সূত্রেল্লিখিত ২ খানা আদেশ।

(মোঃ রুহুল আমিন মল্লিক)
সহকারী সচিব (প্রশাসন-৬)
অর্থ বিভাগ।
ফোন ঃ ৯৫১২৫৯৬ (অফিস)

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ
০১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা), অর্থ বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (বাজেট ও সামষ্টিক অর্থনীতি), অর্থ বিভাগ।
০৩। অতিরিক্ত সচিব (প্রবারা), অর্থ বিভাগ।
০৪। অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ।
০৫। অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (IPF), ১ম ১২তলা সরকারী অফিস ভবন (৮ম তলা), সেগুনবাগিচা, ঢাকা। (IPF-এর সকল কর্মকর্তাদের মধ্যে বিতরণের অনুরোধসহ)।
০৬। অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, মনিটরিং সেল, ১১নং ভবন, ৮ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (আইন), অর্থ বিভাগ।

ঘ। আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন/বিধিবদ্ধ সংস্থা/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠান :

নং	কর্মচারীর নাম ও পদবি	ইন্টারনেটসহ মাসিক আবাসিক টেলিফোনের নির্ধারিত ব্যয়সীমা	ইন্টারনেটসহ মাসিক আবাসিক টেলিফোনের নগদায়নভাতা
০১	০২	০৩	০৪
(ক)	চেয়ারম্যান/সদস্য/কমিশনার/মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক/ মহা-ব্যবস্থাপক/ব্যবস্থাপনা পরিচালক/উপদেষ্টা/কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে তৃতীয় ও তদূর্ধ্ব গ্রেডের সকল কর্মচারী।	৩,৮০০.০০ টাকা	২,৮০০.০০ টাকা
(খ)	কর্পোরেশন ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/অন্যান্য সংস্থায় কর্মরত চতুর্থ গ্রেডভুক্ত কর্মচারী; সরকারি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ অধ্যাপক; মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ-এর অধ্যক্ষ/ অধ্যাপক; এবং মেডিক্যাল ইন্সটিটিউটের প্রধান	২,৬৫০.০০ টাকা	২,০০০.০০ টাকা
(গ)	হাসপাতালের ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত সহযোগী অধ্যাপক/ আর.এম.ও./আবাসিক হোস্টেলের প্রভোস্ট। মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থা ও বিধিবদ্ধ সংস্থা/ আধা-সরকারি দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত ক্লিনিকের প্রধান। সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।	১,৪২৫.০০ টাকা	১,২০০.০০ টাকা
(ঘ)	উপর্যুক্ত ব্যয়সীমার তালিকায় কোনো পদের প্রাধিকার নির্দিষ্টভাবে উল্লেখ না থাকিলে সংশ্লিষ্ট পদের সমমর্যাদাসম্পন্ন পদের প্রাধিকার প্রযোজ্য হইবে।	--	--

১৬। **টেলিফোনের ব্যবহার, ব্যয় এবং নিয়ন্ত্রণ :**

(ক)	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/প্রতিষ্ঠানের আবাসিক টেলিফোনের মঞ্জুরি বিদ্যমান টেলিফোনের সংখ্যা (নম্বরসহ) সংবলিত তথ্য (নির্ধারিত ছকে) একটি রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে।
(খ)	আবাসিক টেলিফোনের ক্ষেত্রে ১৫ নম্বর অনুচ্ছেদের ক হইতে ঘ ক্রমিকে উল্লিখিত প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীগণ ইচ্ছা করিলে বিদ্যমান ৩য় কলামে বর্ণিত 'নির্ধারিত ব্যয়সীমা-এর পরিবর্তে উক্ত অনুচ্ছেদের ৪র্থ কলামে বর্ণিত 'টেলিফোন নগদায়নভাতা' গ্রহণ করিতে পারিবেন। এইক্ষেত্রে নিম্নরূপ শর্ত প্রযোজ্য হইবে : (১) বেতনভাতার সহিত এই ভাতা প্রদেয় হইবে এবং ইহার অতিরিক্ত ভ্যাট এবং লাইনরেন্ট প্রাপ্য হইবেন; (২) বি.টি.সি.এল.-এর ফোন এবং যে-কোনো ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সংযোগ থাকিতে হইবে (৩) টেলিফোন ও ইন্টারনেটের বিল কর্মচারীগণ ব্যক্তিগতভাবে পরিশোধ করিবেন; (৪) সংশ্লিষ্ট কর্মচারী টেলিফোন নগদায়ন ভাতা গ্রহণে ইচ্ছুক এই মর্মে একটি প্রত্যয়নপত্র প্রতি কর্মস্থলে একবার পেশ করিবেন; এবং (৫) ইন্টারনেট সংযোগ গ্রহণের ক্ষেত্রে বি.টি.সি.এল. এবং টেলিটককে অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।